

ঢাকা : সোমবার

১৩ জ্যৈষ্ঠ ১৪২৬

২১ রমজান ১৪৪০

27 May 2019

গাজীপুর — কৃষি গবেষণা ইনস্টিটিউটে বিজ্ঞানীদের প্রশিক্ষণ কর্মশালা

প্রতিনিধি, গাজীপুর

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)-এর তৈলবীজ গবেষণা কেন্দ্রের উদ্যোগে গতকাল “জলবায়ু পরিবর্তনের সঙ্গে তৈলবীজ শস্যের কৌশল ও উৎপাদন প্রযুক্তির উন্নয়ন” শীর্ষক তিন দিনব্যাপী বিজ্ঞানীদের প্রশিক্ষণ কর্মশালা তৈলবীজ গবেষণা কেন্দ্রের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণ কর্মশালায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ২০ জন বিজ্ঞানী অংশগ্রহণ করছেন।

সকালে ইনস্টিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন। তৈলবীজ গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আবদুল লতিফ আকন্দের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইনস্টিটিউটের সাবেক পরিচালক (তৈলবীজ) ড. মো. লুৎফর রহমান।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বারি মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ বলেন, দেশে তৈলবীজ ফসলের চাহিদা দিন দিন বেড়েই চলেছে। কৃষি মন্ত্রণালয় তৈলবীজ ফসলের উৎপাদন বৃদ্ধিতে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। অপরদিকে জলবায়ু পরিবর্তনের বিষয়টি শুধু আমাদের মাথায় রাখতে হবে। তাই আমাদের গবেষণা হতে হবে নিউ বেসড (অগ্রাধিকার ভিত্তিক)। আর এক্ষেত্রে জলবায়ু পরিবর্তন, ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধি, বর্তমান ও ভবিষ্যৎ চাহিদা ইত্যাদি বিষয়কে আমাদের তৈলবীজ ফসলের উন্নয়নে গবেষণা করতে হবে। আমি আশা করি এই প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে বিজ্ঞানীরা এ বিষয়ে সম্যক ধারণা লাভ করবে।

